তারিখ 09 MAR 1989
পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা



# আল-কুরআন

## বিছমিল্লাহির রাহমানির রাহীম
পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আলাম তা'লাম আন্নাল্লাহা ইয়া'লামু মা ফিছছামাই ওয়াল আরদ্বি, ইন্না জালিকা ফী কিতাব, ইন্না জালিকা আলাল্লাহি ইয়াছীর।

(তুমি কি জান না যে, আকাশ ও পৃথিবীতে যা কিছু রয়েছে আল্লাহ তা অবগত আছেন, এ সকলই এক কিতাবে লিপিবদ্ধ আছে, ইহা আল্লাহর নিকট সহজ)।

[সূরা হাজ্জ, পারা ১৭, আয়াত ৭০, রুকু-৯]

লা তাহছাবান্নাল্লাজিনা কাফারু মু'জিযিনা ফিল্ আরদ্বি, ওয়া মা'ওয়াহুমুন্নার, ওয়ালা বি'ছাল্ মাছীর।

(পৃথিবীতে তুমি কাফেরদেরকে প্রবল মনে করো না, তাদের আশ্রয়স্থল অগ্নি, কত নিকৃষ্ট এই পরিণাম।)

[সূরা নূর, পারা ১৮; আয়াত ৫৭, রুকু-৭]

ওয়ালা তাবখাছুন্নাছা আশইয়াআহুম ওয়ালা তাছাউ ফিল্ আরদ্বি মুফছিদিন।

(লোকদেরকে তাদের প্রাপ্ত বস্তু কম দিয়ো না, এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করো না।)

[সূরা শুআরা, পারা ১৯, আয়াত ১৮৩, রুকু-১০]

দয়া করে এই অংশটুকু হেফাজত করুন।